

তারিখ: ০২/১১/২০২১ খ্রি.

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) প্রোগ্রামে ভর্তির আবেদন বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে রাসামাটি সরকারি কলেজে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) ভর্তি কার্যক্রমের অনলাইন প্রাথমিক আবেদন ফরম পূরণ ৩ নভেম্বর ২০২১ থেকে ১৭ নভেম্বর ২০২১ খ্রি. তারিখ পর্যন্ত চলবে। শিক্ষার্থীকে প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ১৮ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে।

শর্তাবলী:

১। পূরণকৃত ফরমের প্রিন্টকপি সংশ্লিষ্ট বিভাগে জমাদানের শেষ তারিখ: ১৮/১১/২০২১ খ্রি. (প্রতিদিন দুপুর ১.৩০ টা পর্যন্ত)।

২। আবেদনের যোগ্যতা:

(ক) ২০১৫ সন ও তৎপরবর্তী সনসমূহে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর বা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

(খ) ২০১৫ সন ও তৎপরবর্তী সনসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর বা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) ন্যূনতম ৪৫% নম্বর বা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

(গ) উপরিউক্ত শর্তপূরণ সাপেক্ষে স্নাতক (সম্মান) ও প্রিলিমিনারী টু মাস্টার্স/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা শুধুমাত্র পঠিত বিষয়ে আবেদন করতে পারবে।

৩। প্রাথমিক আবেদন সম্পর্কিত করণীয়:

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) প্রদর্শিত সকল তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

(খ) আবেদনকারীর নিজের পাসপোর্ট সাইজের রঙিন ছবি Scan করে (ছবির মাপ ১২০×১৫০ pixels, image type: jpg এবং maximum file size: 50kb) আপলোড করতে হবে।

(গ) ছবিসহ সকল তথ্য সঠিকভাবে এন্ট্রি দিয়ে Submit অপশন select করলে এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং ফরমটি download করে অফসেট সাদা কাগজে (A-4 সাইজের) প্রিন্ট নিতে হবে।

(ঘ) আবেদনকারীকে প্রিন্টকপি কলেজে জমা দেয়ার পূর্বে আবেদন ফরমের নির্ধারিত স্থানে অবশ্যই নিজ স্বাক্ষর করতে হবে।

৪। পূরণকৃত ফরমে সাথে জমা দিতে হবে:


(ক) প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিন শত) টাকা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধের স্লিপ।

(খ) দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামা কপি।

(গ) এসএসসি, এইচএসসি, স্নাতক (সম্মান) ও প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি- ১কপি করে।

(ঘ) স্নাতক (সম্মান)/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) শ্রেণির রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।

(ঙ) কোটায় আবেদনের ক্ষেত্রে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে।


(প্রফেসর তুঘীর কান্তি বড়ুয়া)
অধ্যক্ষ

রাসামাটি সরকারি কলেজ
রাসামাটি পার্বত্য জেলা

বিতরণ:

- ১। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাসামাটি;
- ২। বিভাগীয় প্রধান, বিভাগ, অত্র কলেজ, রাসামাটি;
- ৩। হিসাব সহকারী, অত্র কলেজ, রাসামাটি;
- ৪। সংরক্ষণ নথি।